

B.A. Semester-II Examination, 2022-23**বাংলা [অনার্স]****Course ID : 20111 Course Code : AH/BNG/201/C-3****Course Title : বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ ও বিশ শতক)****[NEW SYLLABUS]**

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- ক) মৃত্যুঞ্জয় বিদ্যালয়কারের লেখা দুটি গ্রন্থের নাম লেখো।
- খ) কালীপ্রসন্ন সিংহের কোন্ গ্রন্থে কথ্যবাংলার নিদর্শন রয়েছে? গ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করো।
- গ) 'প্রবাসী' পত্রিকা প্রথম কখন প্রকাশিত হয়? এই পত্রিকার সম্পাদক কে ছিলেন?
- ঘ) মধুসূদন দত্ত প্রবর্তিত ছন্দটির নাম কী? এই ছন্দটি প্রথম কোন্ কাব্যে ব্যবহার করেন?
- ঙ) আশাপূর্ণা দেবীর উপন্যাস-ত্রয়ীর নাম লেখো।
- চ) প্রকাশকাল সহ নীরেদ্রনাথ চক্রবর্তীর দুটি কাব্যের নাম লেখো।
- ছ) 'দিনের তলোয়ার' কার লেখা? নাটকটি প্রথম কখন মঞ্চস্থ হয়?
- জ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত প্রথম ছোটগল্প কোনটি? এটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(পরের পাতায়)

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) বিতর্কমূলক গদ্য রচনায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব আলোচনা করো।
- খ) কাজী নজরুল ইসলাম বাংলা কবিতার ইতিহাসে কেন স্মরণীয় তা সংক্ষেপে আলোচনা করো।
- গ) উনিশ শতকের প্রহসন রচয়িতা হিসেবে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব সংক্ষেপে বুঝিয়ে দাও।
- ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসটির জনপ্রিয়তার কারণ বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) উনিশ শতকের নবজাগরণে সাময়িক পত্রের গুরুত্ব কতখানি, তা 'সংবাদ প্রভাকর' ও 'বঙ্গদর্শন' পত্রিকার সাপেক্ষে বুঝিয়ে দাও।
- খ) বাংলা কবিতার ভুবনে জীবনানন্দ দাশ নিজস্ব জগৎ নির্মাণ করেছিলেন।— তাঁর কাব্যগ্রন্থগুলির পরিচয় দিয়ে মন্তব্যটি বিচার করো।
- গ) বিশ শতকের সমাজ-রাজনীতি উৎপল দত্তকে কিভাবে প্রভাবিত করেছিল, তাঁর নাটকগুলির সাপেক্ষে আলোচনা করো।
- ঘ) বাংলা ছোটগল্প রচনায় ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।